

## বাউবি'র ৭১ কোটি ৯ লাখ ২১ হাজার টাকার বাজেট ঘোষণা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ২০০৮-২০০৯ অর্থবছরের জন্য মোট ৭১ কোটি ৯ লাখ ২১ হাজার টাকার বাজেট ঘোষণা করেছে। এ বাজেটে উন্নয়ন খাতে (এডিপি) ৫ কোটি ৬৫ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে। বাজেটে বিশ্ববিদ্যালয় যন্ত্রণী কমিশন হতে সরকারী বরাদ্দ হিসেবে পাওয়া যাবে ১৮ কোটি টাকা, যা মোট বাজেটের ২৯ শতাংশ (২১) ভাগ। এই বাজেটে ৪৩ কোটি টাকা অর্থাৎ ৭০ শতাংশ ৪৯ পত্বে অর্থ আসবে বাউবির নিজস্ব তহবিল থেকে। একই সাথে এই সভায় ২০০৭-২০০৮ অর্থবছরের জন্য ৬৯ কোটি ৭৬ লাখ ৩১ হাজার টাকার পরিশোধিত বাজেটও অনুমোদন করা হয়। বাউবির তিনি প্রফেসর ডঃ এম ফরিদ আহমেদের সভাপতিত্বে গত মঙ্গলবার অনুষ্ঠিত বোর্ড অব গভর্নর্সের ১০৩তম সভায় এ বাজেট অনুমোদিত হয়। বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এ কে এম রুহুল আমিন আকন্দ। ২০০৮-২০০৯ অর্থবছরের এ বাজেটে মোট বরাদ্দের মধ্যে শিক্ষাসংক্রান্ত (একাডেমিক) খাতে পড়করা ৬৭ শতাংশ ০৬ ভাগ টাকা এবং শিক্ষা সহায়ক (কো-একাডেমিক) খাতে ৩২ শতাংশ ৯৪ ভাগ টাকা ব্যয় হবে। বাজেট সভায় বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নর্স (বিওজি)-এর সভাপতি, সদস্যগণ ছাড়াও আয়তনক্রমে পরিচালক (অর্থ ও হিসাব) ও জনসংযোগ প্রধান উপস্থিত ছিলেন।